গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

নং ৩৭.০৭.০০০০.০০৮.৪০.৯৫৬.২৩-২৪১

তারিখ: ২৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

## ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কাজের অবকাঠামো নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার, আসবাবপত্র সরবরাহ ইত্যাদি পূর্ত/সরবরাহ কাজ বাস্তবায়নের নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ মোতাবেক অনধিক ৩(তিন) কোটি টাকা মূল্যের অভ্যন্তরীণ কার্য এবং পণ্য (আসবাবপত্র) ক্রয়ের ক্ষেত্রে দরপত্র প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরে ২য় দফায় ঠিকাদার তালিকাভুক্ত করা হবে।

২.০ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের আওতায় মোট ০২ (দুই)টি ক্যাটাগরিতে (এ-১ ও এ-২) চলতি অর্থ বছরের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে অতীতে সম্পাদিত কার্য ক্রয়ের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান এ অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে ঠিকাদার তালিকাভুক্তির আবেদন ফর্ম সংগ্রহ করতে পারবেন। তালিকাভুক্তির নিম্নোক্ত সিডিউল অনুযায়ী আবেদন ফর্ম ক্রয় ও জমা দিতে হবে:

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/ বিভাগ | : | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ শিক্ষা মন্ত্রণালয় |
| ২। | সংস্থা | : | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ৩। | আবেদন ফরমের মূল্য | : | ১০০০.০০ (এক হাজার) টাকা নগদ (অফেরতযোগ্য) |
| ৪। | আবেদনপত্র দাখিল | : | প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ৫। | আবেদন পত্র প্রাপ্তির স্থান | : | উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা |
| ৬। | আবেদনপত্র ক্রয়ের শেষ তারিখ | : | ১০/০৩/২০২৫খ্রি. |
| ৭। | আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ | : | ১৩/০৩/২০২৫খ্রি. |
| ৮। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে: | | | |
| ক) | হালনাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ছায়ালিপি; | | |
| খ) | হালনাগাদ নবায়নকৃত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ছায়ালিপি; | | |
| গ) | হালনাগাদ নবায়নকৃত ই-টিন (আয়কর সনদ) এর সত্যায়িত ছায়ালিপি; | | |
| ঘ) | ভ্যাট রেজিস্ট্রেশনের সত্যায়িত ছায়ালিপি; | | |
| ঙ) | জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি; | | |
| চ) | এ-১ শ্রেণির ক্ষেত্রে গত ১০ বছরে সম্পাদিত কাজের মূল্যসহ কার্য সমাপ্তির সনদ (বছরের ক্রমানুসারে দিতে হবে); | | |
| ছ) | ব্যাংক লেনদেনের বিবরণীর (কমপক্ষে ১ দিনের ২০.০০ লক্ষ টাকার স্থিতিসহ) ছায়ালিপি (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত যে কোন তফসিলী ব্যাংক হতে); | | |
| জ) | প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা পরিচালকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি; | | |
| ঝ) | তালিকাভুক্তি বই এর ছায়ালিপি (পূর্বের যদি থাকে); | | |
| ঞ) | আবেদনকারীর স্থায়ী ঠিকানা ও ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক প্রত্যয়নপত্রসহ ক্রয়কারীর সাথে চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা তার কোন কর্মচারীর উপর বিধি-নিষেধ আরোপ করা হয়নি মর্মে আইনগত সক্ষমতার সমর্থনে হলফ নামা (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারি পাবলিক কর্তৃক); | | |
| ট) | বৈদ্যুতিক কাজের ক্ষেত্রে এবিসি লাইসেন্স এর সত্যায়িত ছায়ালিপি। যদি কারো এবিসি লাইসেন্স না থাকে তবে এবিসি লাইসেন্স রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে এ মর্মে চুক্তিপত্র (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) গ্রহণ করতে হবে যে সংশ্লিষ্ট কাজে বিবরণ বা স্পেসিফিকেশনের কোনরূপ মানের ত্রুটির জন্য একক বা যৌথভাবে দায়ী থাকবেন; | | |
| ঠ) | ফরমের নমুনা অনুযায়ী (৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) ঘোষণা পত্র ; | | |
| ড) | প্রতিষ্ঠানে নিযুক্ত কারিগরি এবং প্রশাসনিক জনবলের ছবিসহ জীবন বৃত্তান্ত ; | | |
| ঢ) | যন্ত্রপাতির তালিকার ছায়ালিপি। | | |

৩.০ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০/০২/২০২৫
(মো: শহীদুল হক চৌধুরী)
উপপরিচালক (প্রশাসন)

CS CamScanner